গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ৩৫৩

তারিখঃ ০২ চৈত্র, ১৪২৯।
১৬ মার্চ, ২০২৩।

## সভার বিজ্ঞপ্তি

কারা অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আলোকে এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভারে বাস্তবায়নের নিমিত্তে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে। তদনুযায়ী কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভাপতি, অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে আগামী ২০-০৩-২০২২ তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা, অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। বর্ণিত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬/০৩/২৩

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১ ।
www.prison.gov.bd

কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | কর্নেল শেখ সুজাউর রহমান<br>অতিরিক্ত কারা মহাপরিদর্শক। |
| সভার তারিখ: | ২০ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ। |
| সভার সময়: | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান: | অতিরিক্ত কারা মহাপরিদর্শকের অফিস কক্ষ। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ডেপুটি জেলার জনাব মোঃ রুস্তম আলী কে অনুরোধ করেন। সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ **আলোচ্য বিষয়:** ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন।

১.১ **আলোচনা:** সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ এর অনুচ্ছেদ ১.২ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী আজকের সভা আহবান করা হয়েছে।

অত:পর সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতিতে কি কি সংশোধন আনয়ন প্রয়োজন এ বিষয়ে সদস্যদের মতামত আহবান করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) জনাব মোঃ মাইন উদ্দিন ভূইয়া সভায় জানান যে, বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির কিছু অনুচ্ছেদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অংশে কারা মহাপরিদর্শক ও সচিব মহোদয়ের নাম উল্লেখ রয়েছে যা সংশোধন করে সহকারী কারা মহাপরিদর্শকদের নাম সংযোজন করা প্রয়োজন।

সদস্য সচিব ডেপুটি জেলার (প্রশাসন) জনাব মোঃ রুস্তম আলী সভায় জানান যে, অভিযোগ প্রতিকার অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের পরিবর্তে কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) মহোদয়ের নাম যুক্ত করা যেতে পারে।

এছাড়া সদস্য সচিব জানান যে, চলমান ত্রৈমাসিকে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এবং স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে। তিনি আরো জানান যে, কিছু কিছু বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নেই এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেওয়া প্রয়োজন।

অত:পর বিষয়সমূহে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১. বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির যেসব অনুচ্ছেদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অংশে কারা মহাপরিদর্শক ও সচিব মহোদয়ের নাম রয়েছে তার স্থলে সংশ্লিষ্ট সহকারী কারা মহাপরিদর্শকদের নাম সংযোজন করা হবে।

২. অভিযোগ প্রতিকার অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে অতিরিক্ত কারা মহাপরিদর্শকের পরিবর্তে কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর নাম যুক্ত করা হবে।

৩.আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আগামী ২৩.০৩.২০২৩ তারিখ সভা আয়োজন করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

২০/৩/২৩

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৯.২২- ৬৬৪

তারিখঃ ০৬ চৈত্র, ১৪২৯। / ২০ মার্চ, ২০২৩।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১। জনাব সুরাইয়া আক্তার, কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ), কারা অধিদপ্তর, ঢাকা।

২। জনাব নাহিদা পারভীন, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। জনাব মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।

৪। জনাব মোঃ রুস্তম আলী, ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা। (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের অনুরোধসহ)।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (সভার কার্যবিবরণী এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।

২০/৩/২৩

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
aig.adm@prison.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) প্রতিবেদনঃ**

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ২০ মার্চ, ২০২৩ তারিখে কমিটির সভাপতি কর্নেল শেখ সুজাউর রহমান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রম গৃহীত হয়েছে:

১. কমিটির সিদ্ধান্তের আলোকে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির যেসব অনুচ্ছেদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অংশে কারা মহাপরিদর্শক ও সচিব মহোদয়ের নাম উল্লেখ রয়েছে তা সংশোধন করে সহকারী কারা মহাপরিদর্শকদের নাম সংযোজন করা হয়েছে।

২. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে কর্নেল শেখ সুজাউর রহমান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর নাম পরিবর্তন করে জনাব সুরাইয়া আক্তার, কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) এর নাম যুক্ত করা হয়েছে।

২১/৩/২৩

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ৩৭৩

তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৯।
২১ মার্চ, ২০২৩।

**<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ: আ: প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।

২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২১/০৩/২৩

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
aig.adm@prison.gov.bd

পরিশিষ্ট-ক

কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ও স্বাক্ষর:

সভাপতি : শেখ সুজাউর রহমান
অতিরিক্ত কারা মহাপরিদর্শক

তারিখ ও সময় : ২০-০৩-২০২৩ বেলা ১১:০০ ঘটিকা

স্থান : অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের অফিস কক্ষ।

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | শেখ সুজাউর রহমান<br>সভাপতি<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970001 | ২০/৩/২৩ |
| ০২. | জনাব মোসাঃ নাহিদা পারভীন<br>সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970050 | 20.03.23. |
| ০৩. | জনাব মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970010 | 20/৩/২৩ |
| ০৪. | জনাব মোঃ রুস্তম আলী<br>সদস্য সচিব<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01750608326 | 20/৩/২৩ |